

বাংলাদেশ কমিউনিটিতে নির্বাচনী প্রচারাভিযানে
লরি ফারগাসন এম পি

আগামী সেপ্টেম্বর ২০১৩ তে
অস্ট্রেলিয়ার জাতীয় নির্বাচনে
Werriwa এলাকার
বর্তমান ফেডারেল এমপি
Laurie Ferguson
পুনরায় লেবার পার্টির
মনোনয়ন নিয়ে নির্বাচন
করার লক্ষে গত রোববার
৯ই জুন ২০১৩ তারিখে
মিন্টোতে অস্ট্রেলিয়ান প্রবাসী
বাংলাদেশীদের এক



সমাবেশে তার নির্বাচন প্রচারাভিযান শুরু করেন। সমাবেশে উল্লেখযোগ্য বাংলাদেশীদের উপস্থিতিতে জনাব ফারগাসন তার নির্বাচনী ওয়াদা পুনর্ব্যক্ত করে তাকে পুনরায় এলাকার সেবা করার সুযোগ দেবার আহ্বান জানান। তিনি তার বক্তব্যে বিগত দিনগুলোতে বাংলাদেশীদের সহযোগিতার জন্যে কৃতজ্ঞতা জানিয়ে বলেন তিনি এলাকার উন্নয়নে সর্বদা পাশে ছিলেন এবং থাকবেন। কেম্বেলটাউন সিটি কাউন্সিলের অন্যতম কাউন্সিলর Cr. Wal Glynn, জনাব ফারগাসনকে আগামী নির্বাচনে জয়ী করার জন্যে উপস্থিত সবাইকে কাজ করার আহ্বান জানান।

বাংলাদেশীদের মধ্যে থেকে তাকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন সর্ব-জনাব এম.এ.জলিল, ড. বজলুল করিম, ড. নিজাম আহমেদ, মিসেস রোকেয়া আহমেদ, মিসেস সেলিনা তারেক ও কায়সার আহমেদ। বক্তারা জনাব লরি ফারগাসনকে জনগণের সেবক হিসেবে আখ্যায়িত করে বলেন তিনি বাংলাদেশীদের একজন বিশেষ বন্ধু বটে। বিগত দিনগুলোতে যখনই প্রয়োজন হয়েছে তখনই হাসিমুখে কোন প্রকার দ্বিধাশ্বিত না হয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। জনাব কায়সার তার বক্তব্যে এলাকার দুটি বিশেষ সমস্যার সমাধানে তার দৃষ্টি আকর্ষণ করে বলেন আমরা চাই তিনি যেন আগামীতে মেকুয়ারী ফিল্ডস রেলওয়ে স্টেশনে ডিজেবল্ড এক্সেস ও ক্যামরিজ রোড - মোর ব্যাংক এভিনিউ সড়ক ব্রিজটি, যা কিনা একদিন বৃষ্টি হলেই তলিয়ে যেয়ে সড়কটি ব্যবহারের অনুপযোগী হয়ে যায় তার সংস্কারের বিষয়টি অগ্রাধিকার দেন।

সমাবেশটি সার্বিকভাবে পরিচালনা করেন জনাব মাসুদ চৌধুরী এবং তাকে সহযোগিতা করেন সর্ব-জনাব শাহ আব্দুল মতিন, পারভেজ খান ও জামিল আহমেদ। সমাবেশে উপস্থিত সবাইকে বারবার কিউতে আপ্যায়ন করা হয়।